যুগান্তর

তারিখ 18 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

এইচএসসি ও সমমান পরীক্ষা

# পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

**যুগান্তর রিপোর্ট**

এবারের এইচএসসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল শনিবার প্রকাশিত হয়েছে। দুপুরের পর বিভিন্ন বোর্ড আলাদাভাবে ফল প্রকাশ করে। অবশ্য দিনাজপুর বোর্ড সব শিক্ষার্থীর ফল শনিবার প্রকাশ করতে পারেনি। সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটে ফল পাওয়া যাচ্ছে।

রাত ৯টা পর্যন্ত ৬ শিক্ষা বোর্ডের প্রাপ্ত ফলে দেখা যায়, মোট ১ হাজার ৬৫২ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে ফেল থেকে পাস করেছে ৪১৯ জন। ১৯০ জন নতুন করে জিপিএ-৫ পেয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে

■ পৃষ্ঠা ১৪ : কলাম ৪

## পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ

(১ম পৃষ্ঠার পর)

বলেন, সাধারণত মূল ফল প্রকাশের এক মাসের মধ্যে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের রীতি আছে। সে অনুযায়ী আমরা ফল প্রকাশ করেছি। তিনি জানান, এ বোর্ডে এবার ৪১ হাজার ১৫১ জন ফল চ্যালেঞ্জ করে। তারা সর্বমোট ১ লাখ ২৬ হাজার ৪৩২টি উত্তরপত্র পুনঃনিরীক্ষার আবেদন করে। আবেদনকারীদের মধ্যে ১০০৯ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ১১৫ জন। ফেল থেকে পাস করেছে ২০৪ জন। গত বছর এই বোর্ডে ৩৩ হাজার ৪৯৬ জন পুনঃনিরীক্ষার আবেদন করে। তাদের মধ্যে ৬৬৯ জনের ফল পরিবর্তন হয়েছিল।

মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক একেএম ছায়েফউল্যা জানান, মোট ১২ হাজার ২৪৮ জন ফল পুনঃনিরীক্ষণের আবেদন করে। তাদের মধ্যে ১০৫ জনের ফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ৫৩ জন। গ্রেড পরিবর্তন হয়েছে ৩৯ জনের। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ৩ জন।

সিলেট বোর্ডে ফেল থেকে পাস করেছে ২৩ জন। নতুন করে জিপিএ-৫ পেয়েছে ২ জন এবং ফল পরিবর্তন হয়েছে ৭১ জনের।

বরিশাল ব্যুরো জানায়, পুনঃনিরীক্ষণের জন্য ১৯ হাজার ৬৯৯ শিক্ষার্থী আবেদন করেন। এর মধ্যে ৫ হাজার ৭২৬ জনের আবেদন গৃহীত হয়। তাদের মধ্যে মোট ৭৮ জনের ফলাফল পরিবর্তন হয়েছে। ফেল থেকে পাস করেছে ৩০ জন। জিপিএ-৫ বেড়েছে মাত্র ২ পরীক্ষার্থীর।

কুমিল্লা ব্যুরো জানায়, এ বছর পুনঃনিরীক্ষণের জন্য বিভিন্ন বিষয়ে ৩২ হাজার ৪৯৩ জন শিক্ষার্থী আবেদন করেছিল। এদের মধ্যে ২৪৬ জনের ফল পরিবর্তন হয়েছে। নতুন করে ২৪ জন জিপিএ-৫ পেয়েছে। ফেল থেকে পাস করেছে ৭০ জন।

যশোর ব্যুরো জানায়, এ বছর ৩১ হাজার ৯৫৬ জন পরীক্ষার্থী খাতা পুনঃনিরীক্ষার জন্য আবেদন করেছিল। ১৪৩ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩৯ জন ও ফেল থেকে পাস করেছে ৩৯ জন।

রাজশাহী ব্যুরো জানায়, এ বছর বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শাখা মিলে ৪০ হাজার ৮১৬ জন ফল পুনঃনিরীক্ষণের আবেদন করেছিল। পাস করেছে ১২২ জন।